**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**
(জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়)
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম, বাংলাদেশ

**বিষয়: দৈনিক যুগান্তর-এ প্রকাশিত প্রতিবেদন "দেশে উৎপাদিত অকটেন নিচ্ছে না সরকার" শীর্ষক সংবাদের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর আনুষ্ঠানিক বক্তব্য।**

বিষয়ে উল্লিখিত শিরোনামে গত ১৯/০৪/২০২৬ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনটি বিপিসি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। উক্ত প্রতিবেদনে বেসরকারি প্রতিষ্ঠান বিশেষ করে সুপার পেট্রোকেমিক্যাল পিএলসি হতে অকটেন ও পেট্রোল সংগ্রহ না নেওয়ার বিষয়টি উল্লেখ করা হয়েছে যা, তথ্য ভিত্তিক নয়, বরং বাস্তবতার বিপরীত।

বেসরকারি প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত অকটেন, পেট্রোল ও ডিজেল সরবরাহের জন্য বিপিসি হতে একাধিকবার অনুরোধ জানানো হয়েছে। চলমান পরিস্থিতিতে দেশে অকটেন, পেট্রোল ও ডিজেলের চাহিদা পূরণের জন্য স্থানীয় উৎসের পাশাপাশি বিদেশ হতে আমদানি অব্যাহত রাখা হয়েছে।

প্রকাশিত সংবাদে বিপিসি অকটেন ও পেট্রোল উৎপাদনকারী দেশীয় প্রতিষ্ঠান হতে জ্বালানি তেল সরবরাহ গ্রহণে অস্বীকৃতি জানিয়ে গত ০৮ এপ্রিল ২০২৬ তারিখে চিঠি দেওয়া হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। কিন্তু বিপিসি হতে এ ধরনের কোন চিঠি প্রেরণ করা হয়নি।

প্রসঙ্গত উল্লেখ্য দেশীয় উৎস হতে পর্যাপ্ত অকটেন ও পেট্রোল গ্রহণের সুযোগ রয়েছে। ফলে বিপিসি সুপার পেট্রোকেমিক্যাল পিএলসি হতে পণ্য গ্রহণ করছে না মর্মে যে সংবাদ প্রকাশিত হয়েছে বাস্তবতার সাথে সঙ্গতিপূর্ণ নয়।

আরও উল্লেখ করা যেতে পারে চলতি মাসে অদ্যাবধি বেসরকারি প্রতিষ্ঠান সুপার পেট্রো পিএলসি হতে ১১৬১৫ মেট্রিক টন অকটেন, ৭১৭৭ মেট্রিক টন পেট্রোল ও ১২৮৮৪ মেট্রিক টন ডিজেল; এ্যাকোয়া রিফাইনারি লিমিটেড হতে ২৯১ মেট্রিক টন অকটেন, ৪০১৩ মেট্রিক টন পেট্রোল ও ৫৮১ মেট্রিক টন ডিজেল এবং পেট্রোম্যাক্স রিফাইনারি লিমিটেড হতে ৩২৬৪ মেট্রিক টন অকটেন, ১২৫৪ মেট্রিক টন পেট্রোল এবং ১৮৯৬ মেট্রিক টন ডিজেল গ্রহণ করা হয়েছে যা, চলতি বছরের পূর্ববর্তী মাসগুলোর তুলনায় অধিক। অবশিষ্ট এগারো দিনে উল্লেখযোগ্য পরিমাণ জ্বালানি পণ্য গ্রহণের সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, জনস্বার্থ বিবেচনায় সঠিক ও বাস্তবভিত্তিক তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

২১/০৪/২০২৬

Scanned with CamScanner